বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোন ঃ ৯৫৫৬৯৩১
ই-মেইলঃ dgmaccounts1@krishibank.org.bd

কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)

নং প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স-৬(৪৮)/২০২৩-২৪/ ১৬ তারিখঃ ০৫-০৭-২০২৩খ্রিঃ

১। উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, সাধারণ ব্যাংকিং বিভাগ/ঋণ বিভাগ/বৈদেশিক বানিজ্য বিভাগ
২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
৩। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ PSR বা Proof of submission of return দাখিল সংক্রান্ত বিধান পরিপালন ও বাস্তবায়ন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

আয়কর আইন, ২০২৩ এর ২৬৪ ধারা মোতাবেক ৪৩টি বিশেষ ক্ষেত্রে PSR বা Proof of submission of return দাখিল করার বাধ্যবাধকতা রয়েছে। PSR বা Proof of submission of return দাখিলের প্রমাণ বলতে বুঝাবে

(ক) রিটার্ন দাখিলের প্রত্যয়ন বা প্রাপ্তি স্বীকারপত্র ;
(খ) করদাতার নাম, টিআইএন এবং করবর্ষ সংবলিত সিস্টেম জেনারেটেড সার্টিফিকেট; বা
(গ) করদাতার নাম, টিআইএন এবং করবর্ষ সংবলিত উপকর কমিশনার কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন।

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য নিম্নোক্ত ক্ষেত্রে PSR বা Proof of submission of return দাখিলের বাধ্যবাধকতা রয়েছে

১. করারোপযোগ্য আয় না থাকা সাপেক্ষে, ২০(বিশ) লক্ষাধিক টাকার ঋণ গ্রহণে;
২. ক্রেডিট কার্ড প্রাপ্তি ও বহাল রাখতে;
৩. আমদানীর উদ্দেশ্য ঋণপত্র খুলতে;
৪. ১০ (দশ) লক্ষাধিক টাকার মেয়াদী আমানত খোলায় ও বহাল রাখতে;
৫. ৫ (পাঁচ) লক্ষাধিক টাকার সঞ্চয়পত্র ক্রয়ে;
৬. গণকর্মচারীর বেতন-ভাতাদি প্রাপ্তিতে;
৭. এ্যাডভাইজরী বা কন্সালটেন্সি সার্ভিস, ক্যাটারিং সার্ভিস, ইভেন্ট ম্যানেজমেন্ট সার্ভিস, জনবল সরবরাহ, নিরাপত্তা সরবরাহ সেবা বাবদ নিবাসী কর্তৃক কোন কোম্পানি হতে কোন অর্থ প্রাপ্তিতে;
৮. Monthly Payment Order বা এমপিও ভূক্তির মাধ্যমে সরকারের নিকট হতে মাসিক ১৬ (ষোল) হাজার টাকার কোন অর্থ প্রাপ্তিতে;
৯. পণ্য সরবরাহ, চুক্তি সম্পাদন বা সেবা সরবরাহের উদ্দেশ্যে নিবাসী কর্তৃক টেন্ডার ডকুমেন্টস্ দাখিলকালে;
১০. কোন কোম্পানি বা ফার্ম কর্তৃক কোন প্রকার পণ্য বা সেবা সরবরাহ গ্রহণকালে;
১১. ট্রাস্ট, তহবিল, ফাউন্ডেশন, এনজিও, মাইক্রোক্রেডিট অরগানাইজেশন, সোসাইটি এবং সমবায় সমিতির ব্যাংক হিসাব খুলতে বা চালু রাখতে;
১২. কোন নির্দিষ্ট ব্যক্তি কর্তৃক সিটি কর্পোরেশন এলাকায় বাড়ি ভাড়া বা লিজ গ্রহণকালে বাড়ির মালিকের;
১৩. কোন নির্দিষ্ট ব্যক্তি কর্তৃক পণ্য বা সেবা সরবরাহ গ্রহণকালে সরবরাহকারীর বা সেবা প্রদানকারীর।

০২। বোর্ড, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, কোন ব্যক্তিকে রিটার্ন দাখিলের প্রমাণ দাখিল করা হতে অব্যাহতি দিতে পারে।

০৩। উল্লেখ্য, যে সকল ক্ষেত্রে PSR দাখিল বাধ্যতামূলক সে সকল ক্ষেত্রে কোন দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি PSR দাখিল নিশ্চিতকরণ এবং দাখিলকৃত PSR এর সত্যতা যাচাইয়ে ব্যর্থ হলে উপকর কমিশনার কর্তৃক অনূর্ধ্ব ১০ লক্ষ টাকার অর্থদন্ডে দন্ডিত করার বিধান রয়েছে।

০৪। আয়কর আইন, ২০২৩ এর সংশ্লিষ্ট ধারা দেখার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইট www.nbr.gov.bd ব্রাউজ করা যেতে পারে।

আপনার বিশ্বস্ত,
05.07.2023
(খান তামজিদ আহমেদ)
উপ মহাব্যবস্থাপক

নং- প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স-৬(৪৮)/২০২৩-২৪/ ১৬ তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ ঃ

১। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১, ২ ও ৩ মহোদয়গণের এর দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/ স্টাফ কলেজ/ সকল বিভাগীয় কার্যালয়
৪। উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকাকে অনুরোধ করা হলো।
৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি ।
৭। নথি/মহানথি।

05.07.23
( আরিফুর রহমান )
সহকারী মহাব্যবস্থাপক